গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-২২৯

**হারিয়ে যাওয়া ৪১টি মোবাইল ফোন হস্তান্তর**

রাজশাহী; ২৯ ফাল্গুন (১৬ মার্চ):

আজ সোমবার (১৬ মার্চ ২০২৬) সকালে পুলিশ সুপার কার্যালয়ের কনফারেন্স রুমে উদ্ধারকৃত ৪১টি মোবাইল ফোন প্রকৃত মালিকের নিকট ফিরিয়ে দিলেন পুলিশ সুপার, রাজশাহী জনাব মোহাম্মদ নাঈমুল হাছান মহোদয়।

এ সময় উপস্থিত ছিলেন জনাব মোঃ শরিফুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ), জনাব এ.টি.এম. মাইনুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম অ্যান্ড অপস্), জনাব সাবিনা ইয়াসমিন, অতিরিক্ত পুলিশ সুপার (ডিএসবি), রাজশাহীসহ জেলা পুলিশের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।

রাজশাহী জেলার ৮টি থানায় ফোন হারানো ৪১ ব্যক্তি বিভিন্ন সময় সাধারণ ডায়েরি করেন । এরই পরিপ্রেক্ষিতে পুলিশ সুপার কার্যালয়ের আইসিটি শাখা, রাজশাহী ৪২টি মোবাইল ফোন উদ্ধার করেন।

উল্লেখ্য, ৪১ টি মোবাইল ফোনের মধ্যে শাওমি ০৮টি, ভিভো ০৭টি, রিয়েলমি ০৪টি, ইনফিনিক্স ০৪টি, আইটেল ০৩ টি, টেকনো ০৪টি, ওপ্পো ০৩ টি, ওয়ান প্লাস ০১ টি, সেম্ফনি ০২টি, নাথিং ০১ টি, স্যামস্যাং ০১টি, মটোরোলা ০২ টি ও হুনোর ০১ টি।

তাছাড়া বিকাশে ৪২,০০০/- হাজার টাকা উদ্ধার পূর্বক প্রকৃত মালিকের নিকট ফিরিয়ে দেওয়া হয়।

রাজশাহীর পুলিশ সুপার, জনাব মোহাম্মদ নাঈমুল হাছান বলেন, প্রকৃতমালিকের নিকট উদ্ধারকৃত ফোনফি রিয়ে দিতে পেরেআমরা আনন্দিত। আমি মনে করি, এই সাফল্যের পরিধি আগামীতে আরও বিস্তৃত হবে।

হারানো ফোন ফিরে পেয়ে মোবাইল ফোনের মালিকগণ অনেক খুশি। তাঁরা রাজশাহী জেলা পুলিশের এই ভালো কাজের ভূয়সী প্রশংসা করেন।

তাঁরা মনে করেন, রাজশাহী জেলা পুলিশ আগামীতেও এভাবে জনগণের পাশে থেকে নিরবচ্ছিন্নভাবে সেবা প্রদান করবে। এ সময় তাঁরা রাজশাহী জেলা পুলিশের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।

.........................................................

তৌহিদ/আতিক/আলীম/হালিম/২০২৬/১৫.০০ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০২৫৮৮৮৫১৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# তথ্য অধিদফতর

PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH


টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০২৫৮৮৮৫১৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd